



তথ্যবিবরণী

নম্বর: ২২০

রাজশাহীতে গাছ সুরক্ষায় পেরেক অপসারণ কর্মসূচি শুরু

রাজশাহী; ১৩ ফাল্গুন (২৬ ফেব্রুয়ারি):

আজ বুধবার (২৬ ফেব্রুয়ারি) রাজশাহী সামাজিক বন বিভাগের আয়োজনে মাসব্যাপী গাছ সুরক্ষায় পেরেক অপসারণ কর্মসূচি শুরু হয়েছে। সকালে রাজশাহী জেলা প্রশাসক কার্যালয় চত্বরে এ কর্মসূচির উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক টুকটুক তালুকদার।

গাছের প্রাণ আছে তা উপলব্ধির বিষয় উল্লেখ করে অতিরিক্ত জেলা প্রশাসক বলেন, গাছ আমাদের অক্সিজেন সরবরাহ করে এবং পরিবেশ থেকে কার্বন-ডাই অক্সাইড শোষণ করে। গাছের এই উপকারিতাগুলো আমরা উপলব্ধি করতে পারিনা বলেই মাঝে মাঝে গাছের মধ্যে পেরেক মারি। এটা অত্যন্ত কষ্টের ব্যাপার।

তিনি বলেন, গাছে পেরেক অপসারণে শুধু সরকারি-বেসরকারি দপ্তর এবং ছাত্রদের দিয়ে সম্ভব নয়। প্রত্যেক মানুষকে সম্মিলিতভাবে এ কর্মসূচিতে এগিয়ে আসতে হবে। শুধু মাসব্যাপী কর্মসূচি করলেই হবে না মানুষের মধ্যে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। তা না হলে দেখা যাবে পরের মাসে আবার গাছের মধ্যে পেরেক মারা হচ্ছে। তাহলে এ উদ্দেশ্য সফল হবে না। তাই গাছের উপকারিতাগুলো মানুষের মধ্যে প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করাই হবে এ কর্মসূচির মূল লক্ষ্য।

রাজশাহী সামাজিক বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা মো. রফিকুজ্জামান শাহ্ এর সভাপতিত্বে অনুষ্ঠানে রাজশাহী কলেজের উদ্ভিদ বিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মনতাজ আলী সরকার, ব্র্যাক ব্যাংকের ডিস্ট্রিবিউশন নেটওয়ার্কের শাখা ও ক্লাস্টার ম্যানেজার মো. দুলাল মিয়া উপস্থিত ছিলেন। বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১১.৩০ঘ.